

## প্রায় ১৩ কোটি টাকা ব্যয়ে রংপুর জেলার বিভিন্ন স্কুল-কলেজের উন্নয়ন কাজ এগিয়ে চলছে

রংপুর (দক্ষিণ) সংবাদদাতা ৯ প্রায় ১৩ কোটি টাকা ব্যয়ে রংপুর জেলায় শিক্ষা প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে প্রকল্প বাস্তবায়নের কাজ এগিয়ে চলছে। শিক্ষা প্রকৌশল অফিস সূত্রে জানা গেছে ১ কোটি ২৩ লাখ টাকা ব্যয়ে রংপুর জেলা স্কুলে ৫শ আসনের ১টি অডিটোরিয়াম নির্মাণ কাজ প্রায় ৭০ ভাগ শেষ হয়েছে। শিক্ষা অফিস চত্বরে জেলা শিক্ষা ভবন নির্মাণের কাজ চলছে। এই ভবনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক জেলা শিক্ষা অফিসার ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীর অফিস এবং রেকর্ডহাউস থাকবে। এই কাজের জন্য নির্মাণ ব্যয় ধরা হয়েছে প্রায় ৬০ লাখ টাকা। নির্বাচিত কলেজসমূহ উন্নয়ন প্রকল্পের আওতায় ৮৮ লাখ ৫৪ হাজার টাকা ব্যয়ে সরকারী বেগম সোকেয়া মহিলা কলেজ ও মডেল কলেজের একাডেমিক ভবন নির্মাণের কাজ শুরু হয়েছে। জানা গেছে শিক্ষা

প্রকৌশল বিভাগ ২০০১ সালের জুন থেকে ২০০২ এর ডিসেম্বর পর্যন্ত ২ কোটি ৮২ লাখ ৬২ হাজার টাকা ব্যয়ে রংপুর জেলার বিভিন্ন উপজেলার ১৭টি বিদ্যালয়ের একাডেমিক ভবন নির্মাণের কাজ হাতে নেয়া হয়। এর মধ্যে ৩টির কাজ শেষ হয়েছে। বাকিগুলোর কাজ আগামী জুন মাসের মধ্যে শেষ হবে বলে শিক্ষা প্রকৌশল বিভাগের এক কর্মকর্তা জানান। নির্বাচিত মাদ্রাসা উন্নয়ন প্রকল্পের আওতায় একই সময় প্রায় দেড় কোটি টাকা ব্যয়ে ১৪টি মাদ্রাসার শ্রেণী কক্ষ নির্মাণ কাজ শুরু করা হয়। এর মধ্যে ৪টি নির্মাণ কাজ শেষ হয়েছে। এছাড়াও অতি পুরাতন শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন প্রকল্পের আওতায় গত বছরের ডিসেম্বর পর্যন্ত ১ কোটি ১৪ লাখ টাকা ব্যয়ে ৩টি কলেজ ১ কোটি ২০ লাখ টাকা ব্যয়ে ৬টি স্কুল এন্ড কলেজ এবং ১১ লাখ টাকারও বেশী ব্যয়ে ৮টি উচ্চ বিদ্যালয়ের উন্নয়ন কাজ গ্রহণ করা হয়।